



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সুণামগঞ্জ সরকারি কলেজ



ফোন : ০২৯৯৬৬০০৭২৬, ই-মেইল : sgovc@yahoo.com
ওয়েবসাইট : www.sugc.edu.bd/


তারিখ : ২৮/০৪/২০২৪ খ্রি.

পুস্তক প্রতিক্রিয়া প্রতিযোগিতা সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সুণামগঞ্জ সরকারি কলেজের সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় গ্রন্থকেন্দ্রের আয়োজনে 'বেসরকারি গ্রন্থাগারের মাধ্যমে জাতীয়ভিত্তিক গ্রন্থপাঠ কর্মসূচি'তে একাদশ-দ্বাদশ ও তদূর্ধ্ব শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের উপর ৫০০ শব্দের প্রতিক্রিয়া লিখে শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরি, সুণামগঞ্জ-এর মাধ্যমে প্রতিযোগিতায় নিবন্ধন করতে হবে। নিবন্ধনের শেষ তারিখ ০১ মে ২০২৪।

প্রতিযোগিতা সম্পর্কিত নিয়মাবলী বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।


অধ্যক্ষ ২৮/০৪/২৪
সুণামগঞ্জ সরকারি কলেজ
সুণামগঞ্জ



বেসরকারি গ্রন্থাগারের মাধ্যমে জাতীয়ভিত্তিক গ্রন্থপাঠ কর্মসূচি



প্রতিযোগিতা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি

- 'ক' এবং 'খ' ক্যাটাগরির পাঠকদের নির্ধারিত বই নির্দিষ্ট সময়ের মধ্যে ভালোভাবে পড়তে হবে।
- ভালোভাবে বইটি পড়ার পর স্বহস্তে লিখে / কম্পিউটার কম্পোজ করে নিজ প্রতিক্রিয়া ব্যক্ত করবেন এবং পাঠাগার কর্তৃপক্ষের কাছে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিবেন।
- 'ক' (ষষ্ঠ থেকে দশম শ্রেণি) ক্যাটাগরির পাঠকদের সর্বোচ্চ ৩০০ শব্দের মধ্যে প্রতিক্রিয়া লিখতে হবে।
বই : একান্তরের দিনগুলি (শহিদ জননী জাহানারা ইমাম)
- 'খ' (একাদশ থেকে তদুর্ধ্ব শ্রেণি) ক্যাটাগরির পাঠকদের সর্বোচ্চ ৫০০ শব্দের মধ্যে প্রতিক্রিয়া লিখতে হবে।
বই : অসমাণ্ড আত্মজীবনী (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
- প্রতিটি পাঠ প্রতিক্রিয়া মূল্যায়ন পূর্বক 'ক' ও 'খ' ক্যাটাগরি হতে ৫টি করে মোট ১০টি পাঠ প্রতিক্রিয়া জাতীয় গ্রন্থকেন্দ্র মূল্যায়ন বাস্তবায়ন কমিটির কাছে প্রেরণ করা হবে।
- জাতীয় গ্রন্থকেন্দ্র বাস্তবায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করে প্রতিটি গ্রন্থাগার হতে সেরা নির্বাচিত প্রত্যেক ক্যাটাগরির ০১ জন করে ৩২ টি গ্রন্থাগারের ০২ ক্যাটাগরির মোট ৬৪ জন সেরা পাঠক-শিক্ষার্থীর মৌখিক প্রতিক্রিয়া গ্রহণ করা হবে। এ পর্যায়ে প্রতি ক্যাটাগরি থেকে ১০ জন করে মোট ২০ জন পাঠক-শিক্ষার্থী সেরাদের সেরা নির্বাচিত হবে।
- সেরাদের সেরা নির্বাচিত ২০ জন পাঠক-শিক্ষার্থী নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সম্মূলের বই উপহার দেওয়া হবে।
- পাঠ প্রতিক্রিয়া মূল্যায়নে অংশগ্রহণকারী ৬৪ জন পাঠক-শিক্ষার্থীর মধ্যে যেসকল পাঠক-শিক্ষার্থী সেরাদের সেরা তালিকায় থাকবেননা সেসকল পাঠক-শিক্ষার্থীও নগদ ১,০০০/- (এক হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকার সম্মূলের বই উপহার পাবেন।
- চূড়ান্ত পর্যায়ে অংশগ্রহণকারী পাঠক-শিক্ষার্থীকে সনদ ও ০১ টি করে বই উপহার দেওয়া হবে।
- সেরাদের সেরা ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী পাঠক-শিক্ষার্থীকে জাতীয় গ্রন্থকেন্দ্রে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করা হবে।
- শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরি, সুনামগঞ্জে অংশগ্রহণে আর্থহীদের নিবন্ধনের শেষ তারিখ : ০১ মে ২০২৪ খ্রি।
- চূড়ান্তপর্বে অংশগ্রহণকারী পাঠক-শিক্ষার্থীর ঢাকা যাতায়ত বাবদ খরচাদি জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃপক্ষ বহন করবে।

(খলিল রহমান, অ্যাডভোকেট)

সাধারণ সম্পাদক

শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরি

সুনামগঞ্জ

ই-মেইল : sunamganjpubliclibrary@gmail.com

প্রতিযোগিতা সম্পর্কে যোগাযোগ :
মো. রাজু আহমেদ
সহসাধারণ সম্পাদক ও সমন্বয়কারী
মোবাইল : ০১৭০৬-৪০০৫৬৫